

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৭৯৯  
খোয়াই, ২৩ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
রতনপুর ভিলেজে শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে পদাবলি ব্লকের রতনপুর ভিলেজে ২দিনব্যাপী শিবির আজ সমাপ্ত হয়েছে। ২দিনের এই শিবিরে সরকারি প্রকল্প ও পরিষেবার বিভিন্ন সুযোগ ভিলেজের জনগণের কাছে পৌঁছে দেওয়া হয়। শিবিরে উপস্থিত ছিলেন ব্লকের অতিরিক্ত বিডিও অমিত কুমার জমাতিয়া, সমাজসেবী প্রণব দেববর্মা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে প্রধানমন্ত্রী কিশাণ সন্মাননিধি যোজনা ৪ জনের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়াও ৪ জন কৃষকের কাছ থেকে কেসিসি ঋণের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৭০টি পিআরটিসি, ৩৫টি ইনকাম, ৬৫টি এসটি ও ২২টি ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। ব্লক প্রশাসন থেকে ৩৯ জন ভিলেজবাসীকে আরও আর দেওয়া হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে ৪২ জনের চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।

\*\*\*\*\*